

বিষয়: উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আশরাফ শামীম, অতিরিক্ত সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট 'ক'
স্থান	:	সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ	:	১৯ সেপ্টেম্বর ২০১৮
সভার সময়	:	বেলা ১১.০০টা।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১) আগামী ২৪/০৯/২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতিবিষয়ক একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার নিমিত্ত এ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতিবিষয়ক তথ্য ১৭-০৯-২০১৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। যেসকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা অদ্যাবধি মন্ত্রিপরিষদ বিভাগে তথ্য প্রেরণ করে নাই, আগামী ১৯/০৯/২০১৮ তারিখের মধ্যে তা প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করবে।
- ২) এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক ইনোভেশন সংক্রান্ত কোন তথ্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বা ইনোভেশন সংক্রান্ত অন্য কোন কার্যক্রম গ্রহণ করা হলে তা মন্ত্রণালয়ের ইনোভেশন টিম-কে অবহিত করতে হবে।
- ৩) এ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার যে সকল ইনোভেশন আইডিয়া মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে, আগামী এক মাসের মধ্যে তার ওপর Power Point প্রেজেন্টেশন তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ৪) মন্ত্রণালয় এবং এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক ইনোভেশন সংক্রান্ত যেসকল প্রশিক্ষণ যৌথভাবে আয়োজন করা সম্ভব মন্ত্রণালয় হতে তার একটি তালিকা প্রস্তুত করে আগামী সভায় তা উপস্থাপন করতে হবে।
- ৫) অনলাইন-বেইজড মামলার তথ্যব্যবস্থাপনা: এ ইনোভেশন আইডিয়াটি অনুমোদন করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিম-এর বাস্তবায়ন উদ্যোগ গ্রহণ করবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আশরাফ শামীম)
অতিরিক্ত সচিব
এবং
চীফ ইনোভেশন অফিসার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অপর পাতা দ্রষ্টব্য

নং ৪০.০০.০০০০.০৩৬.৩২.০০২.১৭-৪৫


০৯/০৬/১৪২৫

তারিখঃ -----

২৪/০৯/২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৭। উপ-সচিব, সংস্থাপন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৮। সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৯। উপ-সচিব, রপ্তানীমুখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১১। প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৪। সচিব, নিম্নতম মজুরি বোর্ড, পুরানা পল্টন, ঢাকা।
- ১৫। রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, পুরানা পল্টন, ঢাকা।
- ১৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৭। অফিস কপি।



(সুকান্ত বসাক)

সিস্টেম এনালিস্ট

ফোনঃ ৯৫৪৫৪৮৪

ইমেইলঃ sa@mole.gov.bd